



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে সচেতনতামূলক মতবিনিময় সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৩ এপ্রিল ২০২২।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাদক, জঙ্গিবাদ, গুজব, সাইবার অপরাধ প্রতিরোধে সচেতনতামূলক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ০৩ এপ্রিল ২০২২ তারিখ সকাল ১১ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় ও বরিশাল মেট্রোপলিটন পুলিশের বন্দর থানার যৌথ আয়োজনে বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. খোরশেদ আলমের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার (দক্ষিণ) আলী আশরাফ ভূঁইয়া, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ছাত্র নির্দেশনা ও পরামর্শ কেন্দ্রের পরিচালক ড. তারেক মাহমুদ আবীর, ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যোতির্ময় বিশ্বাস ও সহকারী পুলিশ কমিশনার মেহেদী হাসান। সভায় বক্তারা শিক্ষার্থীদের উপরোক্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন এবং শিক্ষার্থীদের সময়ের প্রতি যত্নবান হওয়ার পরামর্শ প্রদান করেন। মতবিনিময় সভায় অন্যান্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ড. মোহাম্মদ মাহফুজ আলম, সহকারী প্রক্টর সানবিন ইসলাম, বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের প্রতিনিধি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ২৪টি বিভাগের প্রত্যেক ব্যাচের ২ জন করে সিমার উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস